

বাংলাদেশ দূতাবাস
টোকিও

ডাকযোগে পাসপোর্ট ও অন্যান্য সেবা (ডকুমেন্ট সত্যায়ন, নাগরিক সনদ প্রভৃতি) ডেলিভারী প্রদান বাংলাদেশ দূতাবাসের একটি অন্যতম জন-বান্ধব ব্যবস্থা। জাপানের বাস্তবতা বিবেচনায় জাপানস্থ বাংলাদেশ কমিউনিটির সহজ সেবা প্রাপ্তির লক্ষ্যে এই ব্যবস্থাটি চালু করা হয়। নিম্নে এই সেবা প্রদানের পদ্ধতি বর্ণিত হল :

এম.আর.পি (মেশিন রিডেবল পাসপোর্ট) :

ডাকযোগে নতুন মেশিন রিডেবল পাসপোর্ট (এম.আর.পি) গ্রহণের নিমিত্তে নিম্নোক্ত ডকুমেন্ট/বিষয়াদি ডাকযোগে পাঠাতে হবে-

- ১) পুরনো পাসপোর্ট
- ২) ডেলিভারী স্লিপ
- ৩) 'ডাকযোগে পাসপোর্ট প্রেরণের জন্য অনুরোধ এবং এই প্রক্রিয়ায় পাসপোর্ট প্রেরণে কোন সমস্যা/ক্ষতি হলে দূতাবাস দায়ী নয়' এরূপ বক্তব্য সম্বলিত একটি পত্র
- ৪) পাসপোর্ট গ্রহণকারীর নাম, ঠিকানা ও ফোন নম্বর লেখা সহ একটি ফেরত খাম যাতে কমপক্ষে ৫৮০ ইয়েনের ডাকটিকেট সংযুক্ত থাকবে অথবা Letter Pack (এল.পি)

জাতীয়তা সনদ :

ডাকযোগে জাতীয়তা সনদের জন্য নিম্নোক্ত ডকুমেন্ট/বিষয়াদি পাঠাতে হবে-

- ১) বৈধ পাসপোর্টের ফটোকপি (ফটোকপির ফাঁকা স্থানে প্রার্থীর নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও ফোন নম্বর পরিস্কারভাবে লিখে দিতে হবে)
- ২) ফি বাবদ ৬০০ জাপানী ইয়েন দূতাবাস একাউন্টে (জাপান পোস্ট ব্যাংক, একাউন্ট নং-১০০৮০-৭৩৭৯৬৭৫১) জমা পূর্বক উক্ত জমার মূল রশিদ
- ৩) গ্রহণকারীর নাম, ঠিকানা ও ফোন নম্বর লেখা সহ একটি ফেরত খাম যাতে কমপক্ষে ৫৮০ ইয়েনের ডাকটিকেট সংযুক্ত থাকবে অথবা Letter Pack (এল.পি)

পাসপোর্টের কপি সত্যায়ন :

এজন্য নিম্নোক্ত ডকুমেন্ট/বিষয়াদি পাঠাতে হবে-

- ১) পাসপোর্টের প্রয়োজনীয় অংশের ফটোকপি
- ২) প্রতি পাতার জন্য ফি হিসেবে ৬০০ জাপানী ইয়েন দূতাবাস একাউন্টে (জাপান পোস্ট ব্যাংক, একাউন্ট নং- ১০০৮০-৭৩৭৯৬৭৫১) জমাপূর্বক উক্ত জমার মূল রশিদ
- ৩) গ্রহণকারীর নাম, ঠিকানা ও ফোন নম্বর লেখা সহ একটি ফেরত খাম যাতে কমপক্ষে ৫৮০ ইয়েনের ডাকটিকেট সংযুক্ত থাকবে অথবা Letter Pack (এল.পি)

অন্যান্য ডকুমেন্ট সত্যায়ন :

এজন্য নিম্নোক্ত ডকুমেন্ট/বিষয়াদি পাঠাতে হবে-

- ১) সত্যায়ন করতে হবে এরূপ ডকুমেন্ট যা অবশ্যই বাংলাদেশের (বাংলাদেশ কর্তৃক ইস্যুকৃত ডকুমেন্ট এর ক্ষেত্রে) পররাষ্ট্র মন্ত্রণালয় কিংবা জাপানের (জাপান কর্তৃক ইস্যুকৃত ডকুমেন্ট এর ক্ষেত্রে) পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত হতে হবে
- ২) প্রতি পাতার জন্য ফি হিসেবে ৬০০ জাপানী ইয়েন দূতাবাস একাউন্টে (জাপান পোস্ট ব্যাংক, একাউন্ট নং- ১০০৮০-৭৩৭৯৬৭৫১) জমা পূর্বক উক্ত জমার মূল রশিদ
- ৩) সেবাপ্রার্থীর পাসপোর্টের ফটোকপি
- ৪) গ্রহণকারীর নাম, ঠিকানা ও ফোন নম্বর লেখা সহ একটি ফেরত খাম যাতে কমপক্ষে ৫৮০ ইয়েনের ডাকটিকেট সংযুক্ত থাকবে অথবা Letter Pack (এল.পি)

